

কমিশন কর্তৃক ০৪/০১/১২ তারিখে অনুমোদিত চার্জশীট

| | | |
|---|---|---|
| ➤ ক্রমিক নং | : | ০১ |
| মামলার নম্বর ও তারিখ | : | খুলনা থানা মামলা নং-০৬, তাং-০৬/০১/২০০১ ইং। |
| তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবী | : | জনাব রবীন্দ্র নাথ চাকী, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনা। |
| অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও পদবী | : | (১) জনাব মোঃ শাহজাহান মিয়া, সাবেক উর্দ্ধতন উপ-পরিচালক, বিআইডব্লিউটিএ, খুলনা(বর্তমানে মৃত), (২) জনাব মোঃ তৌফিকুল ইসলাম কাদেরী, সাবেক সহকারী পরিচালক, বিআইডব্লিউটিএ, খুলনা, বর্তমানে উপ-পরিচালক, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম(বর্তমানে এলপিআর ভোগরত)। বর্তমান ঠিকানা: সেক্টর-৭, উত্তরা মডেল টাউন, ঢাকা, (৩) জনাব মোঃ আবুল কাশেম, সাবেক মাস্টার, সামিয়া জাহাজ, বিআইডব্লিউটিএ, খুলনা, বর্তমানে অবসরপ্রাপ্ত, বর্তমান ঠিকানা: ফতুল্লা, নারায়নগঞ্জ। |
| অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | : | পরস্পর যোগসাজসে জ্বালানী তেলের মিথ্যা চাহিদাপত্রের মাধ্যমে ১,৮৬,৪৮০/-টাকা মূল্যের ১৪,৮০০ লিটার জ্বালানী তেল গ্রহণ ও চাহিদাপত্রে উল্লেখিত কাজের পরিবর্তে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত বানোয়াট কাজে খরচ দেখিয়ে আত্মসাত করার অভিযোগ। |
| তদন্তের ফলাফল | : | ০৩/১২/৯৪ইং হতে ১৫/১০/৯৫ইং পর্যন্ত বিআইডব্লিউটিএ খুলনায় কর্মরত থাকাকালে আসামীগন কর্তৃক পরস্পর যোগসাজসে জ্বালানী তেলের মিথ্যা চাহিদাপত্র কর্তৃপক্ষের দ্বারা অনুমোদন করিয়ে ১,৮৬,৪৮০/-টাকা মূল্যের ১৪৮০০ লিটার জ্বালানী তেল উত্তোলন ও চাহিদাপত্রে উল্লেখিত কাজে খরচ না করে আত্মসাতের অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। এছাড়া আসামী মোঃ শাহজাহান মিয়া ইতোমধ্যে মৃত্যুবরণ করেছেন মর্মেও তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। |
| কমিশনের সিদ্ধান্ত | : | আসামী মোঃ তৌফিকুল ইসলাম কাদেরী ও মোঃ আবুল কাশেম এর বিরুদ্ধে চার্জশীট দাখিলের এবং আসামী মোঃ শাহজাহান মিয়া মৃত্যুবরণ করায় তাকে মামলা হতে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। |